

## একই স্মারক ও তারিখ সংবলিত বিজ্ঞপ্তির প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

যুব-০১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

নং-৩৪.০০.০০০০.০৫১.৬২.০০২.১৮-০৮


তারিখ : ০৬ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

১৮ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

### অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল থেকে যুব সংগঠনকে আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নীতিমালা/শর্তাবলি অনুসারে অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১. আবেদনকারী যুব সংগঠনকে আবশ্যিকভাবে (Mandatory) দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্ট্রেশন/ নিবন্ধনভুক্ত হতে হবে।
  ২. যুবকল্যাণ তহবিল হতে প্রকল্পভিত্তিক অনুদান প্রদানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নির্বাচিত সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।
  ৩. উপানুষ্ঠানিক শিক্ষা, ধাত্রীবিদ্যা, কম্পিউটার প্রশিক্ষণ, খাণ কার্যক্রম ইত্যাদি সম্পর্কিত কার্যক্রম/প্রকল্প অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।
  ৪. প্রস্তাবিত প্রকল্প বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে শতকরা ১০ (দশ) ভাগ অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।
  ৫. নির্বাচিত সংগঠনের প্রকল্পের গুণাগুণ (Merit) বিবেচনা করে ২০ (বিশ) হাজার থেকে সর্বোচ্চ ২৫ (পাঁচিশ) হাজার টাকা পর্যন্ত প্রকল্প অনুদান প্রদান করা হবে।
  ৬. যুবনারী/বিশেষ চাহিদাসম্পন্নদের (তৃতীয়লিঙ্গসহ) দ্বারা পরিচালিত সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।
  ৭. আবেদনপত্রের নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণক আপলোড করতে হবে।
  ৮. গত অর্থবছরে যেসব যুব সংগঠন অনুদান পায়নি তাদের অগ্রাধিকার দেয়া হবে।
  ৯. দুর্গম/পশ্চাংপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যগুরুত্বিত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে সকল শর্ত পূরণ সাপেক্ষে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।
  ১০. অসম্পূর্ণ/গুরুত্বপূর্ণ আবেদনগত্ব বাতিল বলে গণ্য হবে।
- ২। অনুদান প্রাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)) এর অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান লিংকে অথবা সরাসরি <http://103.48.18.205/Grants/> ব্রাউজ করে নির্ধারিত অনলাইন আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তৎসঙ্গে ফিল্ডওয়ারি প্রযোজ্য চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড (Upload) করে তা **আগামী ২১ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ (০৭ চৈত্র, ১৪২৫বঙ্গাব্দ)** তারিখের মধ্যে অবশ্যই দাখিল করতে হবে। অতঃপর অনলাইন আবেদনের সাথে আপলোডকৃত সকল সংযুক্তিসহ আবেদনের প্রিন্ট কপি স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় জমা দিতে হবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখের পর অনলাইন আবেদন কার্যক্রম বন্ধ হয়ে যাবে।
- ৩। উল্লেখ্য, অন-লাইন আবেদন দাখিলের পদ্ধতিসমূহ অনুসরণ করার নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির শেষে প্রদর্শন করা হয়েছে।
- ৪। যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ও সিদ্ধান্ত যুবকল্যাণ তহবিল ব্যবস্থাগুলি বোর্ড কর্তৃক সংরক্ষিত।



মুহাম্মদ সাহেদ আলী

উপসচিব

ফোন : ৯৫৭৫৫০৯


নং-৩৪.০০.০০০০.০৫১.৬২.০০২.১৮-০৮

তারিখ : ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা (মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ )।
- ২। জেলা প্রশাসক (সকল) [এ বিষয়ে তাঁর অধীনস্থ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এবং সকল উপজেলা নির্বাচী অফিসার-কে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদানের অনুরোধসহ ]।
- ৩। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা (ইউনিট যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ সুপারিশপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের অনুরোধসহ )।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ..... উপজেলা (এ বিষয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অনলাইনে প্রাপ্ত আবেদনে তাঁর সুপারিশপূর্বক উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের অনুরোধসহ )।
- ৭। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয়, ..... জেলা (তাঁকে নিম্নোক্ত নির্দেশাবলি যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :
- (১) যুবকল্যাণ তহবিল থেকে অনুদানের অনলাইন আবেদন কার্যক্রম চলতি ২০১৮-২০১৯ অর্থবছর থেকে শুরু করা হয়েছে। এ লক্ষ্যে যুব সংগঠন কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অন-লাইনের মাধ্যমে দাখিলকৃত আবেদনসমূহ প্রযোজ্য ক্ষেত্রে ইউনিট/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার এবং অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার থেকে উপপরিচালকের কার্যালয় সুপারিশসহ প্রেরণের ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদান।
  - (২) ইউনিট/উপজেলা কার্যালয় থেকে প্রাপ্ত যুব সংগঠন কর্তৃক আপলোডকৃত সকল তথ্যাদিসহ অনলাইন আবেদনের প্রিন্ট কপি প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষার জন্য যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
  - (৩) উপজেলা থেকে যথানিয়মে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ জেলা যাচাই-বাছাই কমিটির নিকট পেশ করার পূর্বে যুব উন্নয়ন অধিদপ্তরের নিবন্ধন/স্বীকৃতি, নিবন্ধনকারী কর্তৃপক্ষের সংশ্লিষ্ট জেলা অফিস থেকে সংগঠনের নিবন্ধন/হালনাগাদ সঠিকতা যাচাই করতে হবে।
  - (৪) যুব সংগঠন কর্তৃক দাখিলকৃত অনলাইন আবেদন অনুযায়ী সুপারিশ প্রদানের পূর্বে উক্ত সংগঠনের কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে নির্ধারিত স্থানে তাঁর সুস্পষ্ট সুপারিশ/মন্তব্য প্রদান করতে হবে।
  - (৫) উপজেলা/ইউনিট কার্যালয় থেকে অনলাইনের মাধ্যমে প্রাপ্ত যুব সংগঠনের আবেদনসমূহ নিবন্ধনকারী কর্তৃপক্ষের সংশ্লিষ্ট জেলা অফিস থেকে সংগঠনের নিবন্ধন/হালনাগাদ সঠিকতা যাচাই এবং জেলা প্রশাসকের নেতৃত্বে গঠিত জেলা যাচাই-বাছাই কমিটির নিকট উপস্থাপনসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পর্ক করে সভার সুপারিশ সংবলিত কার্যবিবরণী ও অনলাইন আবেদনের তালিকা স্ঞান করে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, নির্ধারিত সময়ের পর তাঁর প্যানেল বোর্ড বৰ্ক হয়ে যাবে।
- ৮। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, .....।
- ৯। প্রোগ্রামার, আইটি সেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। প্রোগ্রামার, আইটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ১০৮ মতিঝিল, বা/এ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা /ইউনিট থানা কার্যালয়, .....।
- ( তাঁকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো ) :
- (১) যুবকল্যাণ তহবিল থেকে অনুদানের অনলাইন আবেদন কার্যক্রম চলতি ২০১৮-২০১৯ অর্থবছর থেকে শুরু করা হয়েছে। এ লক্ষ্যে যুব সংগঠন কর্তৃক অনলাইনের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিলের ক্ষেত্রে সকল প্রকার সহযোগিতা প্রদান করতে হবে। উল্লেখ্য, প্যানেল বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময় শেষ হবার সাথে সাথে তা বৰ্ক হয়ে যাবে।
  - (২) যুব সংগঠন কর্তৃক আপলোডকৃত সকল সংযুক্তিসহ দাখিলকৃত আবেদনের হার্ড কপি প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষা-নিরীক্ষা শেষে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করতে হবে।
  - (৩) যুব সংগঠন কর্তৃক অনলাইনের মাধ্যমে দাখিলকৃত সকল আবেদন প্যানেল বোর্ডে প্রদর্শিত নির্ধারিত সময়ের মধ্যে তাঁর সুস্পষ্ট সুপারিশ/মন্তব্য প্রদানপূর্বক তা উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করতে হবে।
  - (৪) অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সুপারিশ শেষে আবেদনসমূহ অনলাইনের মাধ্যমে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
  - (৫) সরেজমিন পরিদর্শন করে যুব সংগঠনের প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে নিশ্চিত হয়ে অনলাইন আবেদনের নির্ধারিত স্থানে তাঁকে সুস্পষ্ট মন্তব্য/সুপারিশ করতে হবে। উপজেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সুপারিশ ভিত্তিহীন প্রমাণিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তাকে তাঁর সার্বিক দায়িত্ব বহন করতে হবে।
  - (৬) যুব সংগঠনসমূহ কর্তৃক অনলাইনের মাধ্যমে দাখিলকৃত আবেদনপত্রে উপজেলা নির্বাহী অফিসার/মেট্রোপলিটন এলাকার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)-এর মন্তব্য/সুপারিশ গ্রহণ করে নির্ধারিত স্থানে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

  
মুহাম্মদ সাম্বুদ আলী  
উপসচিব

- বি: দ্র: ১. উপজেলা/ইউনিট কার্যালয় হতে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণের  
সর্বশেষ তারিখ : ০৭ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ  
২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/উপজেলা নির্বাহী অফিসার থেকে উপপরিচালক, জেলা কার্যালয় বরাবর প্রেরণের  
সর্বশেষ তারিখ: ২২ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ  
৩. জেলা যাচাই-বাছাই কমিটির মাধ্যমে মন্ত্রণালয়ে প্রেরণের সর্বশেষ তারিখ : ১৪ মে, ২০১৯ খ্রিস্টাব্দ
- ❖ যে কোন বিষয়ে প্রযোজ্য ক্ষেত্রে ০১৭১১৩৯২৫০৫, ০১৭৬৩৫৭১০০০ ও ০১৯৪২২০১৫৬১ নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।

অন-লাইন আবেদন দাখিলের পদ্ধতি :

১. প্রথমে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)) ওপেন করুন এবং ডান পার্শ্বে  
অভ্যন্তরীণ ই-সেবার আওতাভুক্ত যুবকল্যাণ তহবিল অনলাইন অনুদান –এ ক্লিক করুন। অথবা ওয়েবসাইটে  
সরাসরি <http://103.48.18.205/Grants/> ব্রাউজ করুন।
২. ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য অনুদানের বিজ্ঞপ্তি প্রদর্শিত হবে।
৩. বিজ্ঞপ্তির উপরের বাম কর্ণারে অনুদানের আবেদন ফরম –এ ক্লিক করুন।
৪. ফরম পূরণের ক্ষেত্রে কিছু নির্দেশনা দেখা যাবে। অন-লাইন আবেদন ফরমের ফিল্ডসমূহ যথাযথভাবে পূরণের জন্য  
চোখ চিহ্নিত বাটনে ক্লিক করুন এবং এক প্রস্তুত আবেদন ফরম প্রিন্ট করে চাহিত/সংযুক্তির জন্য সকল  
তথ্যাদি/পেপার প্রস্তুত রাখুন। অতঃপর এখন নয় বাটনে ক্লিক করে বের হয়ে আসতে হবে।
৫. সংযুক্তির জন্য সকল তথ্যাদি প্রস্তুত হলে একইভাবে ওপেন করুন এবং সবুজ লেখা আবেদন ফরম – এ ক্লিক  
করুন।
৬. সতর্কতার সাথে সকল ফিল্ডগুলো পূরণ করুন এবং ইংরেজিতে ক্যাপচা দিয়ে দেখুন বাটনে ক্লিক করুন।
৭. প্রিন্ট বাটনের উপর ক্লিক করে প্রয়োজনীয় সংখ্যক পূরণকৃত আবেদন প্রিন্ট করে সংরক্ষণ করুন।
৮. যে সকল ফিল্ড ইংরেজিতে পূরণের জন্য বলা হয়েছে তা অবশ্যই ইংরেজিতে পূরণ করুন।
৯. পরবর্তী ধাপে যাবার পূর্বে পূরণকৃত আবেদনের কোন অংশ সংশোধন/পরিবর্ধন/মরিমার্জন করতে হলে এডিট  
বাটনে ক্লিক করুন এবং চাহিদা মোতাবেক সংশোধন /পরিবর্ধন/মরিমার্জন করুন এবং পুনরায় ইংরেজিতে ক্যাপচা  
দিন এবং প্রস্তুতকৃত সংযুক্তিসমূহ আপলোড করার জন্য পরবর্তী ধাপ বাটনে ক্লিক করুন।
১০. সংযুক্তিসমূহ আপলোড করার জন্য প্রদর্শিত নির্দেশনাসমূহ ভালভাবে দেখুন।
১১. সংযুক্তিসমূহ PDF আকারে স্ক্যান করে সিরিয়াল অনুযায়ী আপলোড (Upload) করুন এবং প্রতিটি সংযুক্তির  
আপলোড হওয়ার সাথে সাথে ডান পার্শ্বে **OK** লেখা দেখা যাবে এবং চোখ চিহ্নিত বাটনে ক্লিক করে দেখে নিন  
আপলোডটি সঠিক হয়েছে কিনা।
১২. যথাযথভাবে আপলোড না হয়ে থাকলে পুনরায় আপলোড (Upload) করুন এবং সাথে সাথে পূর্বের আপলোড  
বাতিল হয়ে যাবে।
১৩. চাহিত সকল সংযুক্তি আপলোড করার পর নির্ধারিত স্থানে টিক(✓) চিহ্ন দিন এবং দাখিল করুন বাটনের উপর  
ক্লিক করুন।
১৪. আবেদনপত্র দাখিল হবার প্রমানস্বরূপ ট্র্যাকিং নম্বরসহ প্রদর্শিত সনদপত্র প্রিন্ট করে সংরক্ষণ করুন।
১৫. উল্লেখ্য, অন-লাইন আবেদন দাখিল করার পর পরবর্তীতে পরবর্তন/পরিমার্জন করার কোনরূপ সুযোগ নেই বা  
দ্বিতীয়বার আবেদন করারও কোন সুযোগ নেই।
১৬. সর্বশেষে সংযুক্তি আকারে আপলোডকৃত সকল কাগজপত্রাদিসহ অন-লাইন আবেদনের প্রিন্ট কপি স্বাক্ষরপূর্বক  
সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যথাযথভাবে জমা দিন।

প্রযোজ্য ক্ষেত্রে ০১৭১১৩৯২৫০৫, ০১৭৬৩৫৭১০০০ ও ০১৯৪২২০১৫৬১ নম্বরে ফোন করে পরামর্শ নেয়া যাবে।

=====0=====